

সিএনজি সিলিন্ডার রি-টেস্টিং সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাবলী

- আরপিজিসিএল এর দুটি ওয়ার্কশপে স্থাপিত দুটি টেস্টিং ইউনিট হতে শুধুমাত্র টাইপ-১ (মেটাল এলয়) এনজিডি ও ক্যাসকেড সিলিন্ডার রি-টেস্ট করা হয়।
- সিএনজি সিলিন্ডার রি-টেস্ট এ গ্যাস সিলিন্ডার বিধিমালা-১৯৯১ এর সংশ্লিষ্ট বিধি, বিস্ফোরক অধিদপ্তরের জারীকৃত প্রজ্ঞাপন ও বিস্ফোরক পরিদপ্তর হতে সময়ে সময়ে প্রদত্ত নিয়মাবলী প্রতিপালিত হয়।
- সিলিন্ডার সংযোজনের প্রথম ০৫ বছরের মধ্যে রি-টেস্ট এর প্রয়োজন নেই।
- এনজিডি সিলিন্ডার পরীক্ষাকালে সংশ্লিষ্ট যানবাহনসহ আসতে/পাঠাতে হবে- অর্থাৎ এনজিডি সিলিন্ডার কোনক্রমেই সংশ্লিষ্ট গাড়ি ছাড়া রি-টেস্ট করা হয় না।
- ক্যাসকেড সিলিন্ডার পরীক্ষাকালে স্টেশনের অনুমোদনের কপিসহ সিলিন্ডার আমদানির ডকুমেন্ট দেখাতে হবে।
- সিলিন্ডারের গায়ে খোদাই করা সিলিন্ডার নম্বরসহ প্রয়োজনীয় তথ্য পাঠ করা সম্ভব না হলে সে সিলিন্ডার রি-টেস্ট করা হয় না।
- চাক্ষুস পরিদর্শন ও পর্যবেক্ষণে সন্তোষজনক প্রতীয়মান না হলে সে সিলিন্ডার রি-টেস্ট এর জন্য বিবেচিত হবে না।
- গাড়ি সিএনজিতে রূপান্তরের সনদ ও ইতোপূর্বে সিলিন্ডার রি-টেস্ট হয়ে থাকলে সংশ্লিষ্ট ডকুমেন্ট (যদি থাকে) তা সঙ্গে আনতে হবে।
- সিলিন্ডার রি-টেস্ট এর জন্য আগমন কালে সিলিন্ডারে নূন্যতম গ্যাস থাকলে ভালো হয়।
- সিএনজি সিলিন্ডারের রি-টেস্ট সনদ/রিপোর্ট গাড়ির ব্লু বুক/ফিটনেস সনদ অনুযায়ী ইস্যু করা হয়।
- **রি-টেস্ট এর ফলাফলে সিলিন্ডারটি ব্যবহার অযোগ্য প্রমাণিত হলে উক্ত সিলিন্ডারের বিষয়ে গ্যাস সিলিন্ডার বিধিমালা-১৯৯১ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হয়।**
- অত্র কোম্পানির রি-টেস্ট ইউনিট দ্বয়ে রি-টেস্টকৃত এনজিডি সিলিন্ডার দিনে দিনেই ডেলিভারী দেয়া হয় অর্থাৎ সিলিন্ডার জমা রাখা হয় না।
- ব্যক্তিমালিকানাধীন যানবাহনের সিলিন্ডার ও সিএনজি স্টেশনের ক্যাসকেড সিলিন্ডারের রি-টেস্ট ফি নগদে পরিশোধ করতে হয়।
- সরকারী প্রতিষ্ঠানের যানবাহনের সিএনজি সিলিন্ডার নগদের পাশাপাশি ক্রেডিটেও রি-টেস্ট এর সুযোগ রয়েছে। **তবে রি-টেস্ট শেষে সিএনজি নিজ খরচে নগদে সিএনজি রিফিল করতে হবে।**
- ক্রেডিটে রি-টেস্ট কাজ সম্পাদনের লক্ষ্যে প্রতিষ্ঠানের উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত কার্যাদেশ/পত্র (নমুনা মত) সঙ্গে আনতে হবে।
- কার্যাদেশে বিল পরিশোধের অঙ্গীকারসহ পরিশোধকারীর পদবী ও দপ্তর উল্লেখ থাকতে হবে।
- সিলিন্ডার রি-টেস্ট এর জন্য প্রেরিত যানবাহনে সিএনজি সংক্রান্ত অন্যকোন মেরামত কাজের প্রয়োজন হলে তা সম্পাদনের বিষয়ে কার্যাদেশ/পত্রে উল্লেখ থাকতে হবে। মেরামত কাজের বিল আলাদাভাবে প্রেরিত হবে।
- বেসরকারী ও ব্যক্তিমালিকানাধীন গাড়ি সমূহের সিলিন্ডার রি-টেস্ট ফি নগদে পরিশোধ করতে হবে।
- শুধুমাত্র অত্র কোম্পানির সেন্ট্রাল ওয়ার্কশপে সম্পাদিত কাজ সমূহের নগদ বিল ক্রেডিট কার্ডে পরিশোধের সুযোগ রয়েছে।
- **নগদে পরিশোধিত বিলের বিপরীতে ভ্যাট চালানের প্রয়োজন হলে তা আরপিজিসিএল এর অর্থ বিভাগ হতে পরে সংগ্রহ করতে হবে।**
- রি-টেস্টকাজে নির্ধারিত ফি কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত।
- রি-টেস্ট ফি এর সাথে অন্যকোন মেরামত কিংবা গ্যাস বিল অন্তর্ভুক্ত নেই।
- সিলিন্ডার রি-টেস্ট এর লক্ষ্যে অনলাইন কিংবা সরাসরি অগ্রিম সিরিয়াল প্রদান করতে হবে।
- **সিলিন্ডার রি-টেস্টিং কাজটি সময় সাপেক্ষ বিধায় নির্ধারিত দিনে যথেষ্ট সময় নিয়ে আসতে হবে।**



কর্তৃপক্ষ

প্রাকৌঃ শুভ বড়ুয়া
ব্যবস্থাপক (সিএনজি সেন্ট্রাল ওয়ার্কশপ)
রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
এট নং-২৭, নিকুঞ্জ-২ খিলক্ষেত ঢাকা-১২২৯